

ঢাকা ওয়াসা

নথি অফিসঃ ঢাকা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (ঢাকা ওয়াসা)

নথি শাখাঃ মডস জোন-৭

মুদ্রনকারীঃ ঢাকা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (ঢাকা ওয়াসা), মডস জোন-৭

নথি নম্বরঃ ৪৬.০৫.০০০০.৪১২.৯৯.০০৪.২৪ নথির বিষয়ঃ Supply, Installation and Commissioning of Spare parts for Smart Hydrant Syestem at Muslim Nagar and Kutub Khali Water Pump under MODS Zone-7, Dhaka WASA.

নোটঃ ১ নোটের বিষয়ঃ Supply, Installation and Commissioning of Spare parts for Smart Hydrant Syestem at Muslim Nagar and Kutub Khali Water Pump under MODS Zone-7, Dhaka WASA.

অনুচ্ছেদ ১.০ - তারিখঃ ২০/২/২৪ ৪:৫৪ অপরাহ্ন

উপরোক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মডস জোন-৭ এর আওতাধীন এলাকা সমূহ ক্রমঃ বর্ধমান জনবহুল হওয়ার কারণে পানির চাহিদা উত্তরোত্তর বৃদ্ধি পাচ্ছে। তন্মধ্যে বেশ কিছু নতুন এলাকা দিনে দিনে ঢাকা ওয়াসায় অন্তর্ভুক্ত হচ্ছে। উক্ত এলাকা সমূহের সার্ভিস লাইন হতে অধিকাংশ গ্রাহক হোল্ডিং-এর দূরত্ব তুলনামূলক অনেক বেশী হয়ে থাকে। কোন কারণে নেটওয়ার্কে পানির সল্পতা দেখা দিলে উক্ত হোল্ডিং পানি পায় না মর্মে প্রায়শঃ অভিযোগ পাওয়া যায়। এতদ্ব্যতীত শুষ্ক মৌসুমে পানির চাহিদা বেড়ে যাওয়া, ভূগর্ভস্থ পানির স্তর নিচে নেমে যাওয়া ও বিভিন্ন এলাকায় পানির পাম্পের উৎপাদন কমে যাওয়ার কারণে তীব্র পানির সংকট দেখা দেয়। সেক্ষেত্রে পানির গাড়ীর মাধ্যমে পানি সরবরাহ করে স্বাভাবিক পরিবেশ বজায় রাখতে হয়। গাড়ীর পানি Smart Water Hydrant মাধ্যমে সংগ্রহ করে গ্রাহক হোল্ডিং সরবরাহ করা হলে পানির অপচয় রোধ হয় এবং পানির সৃষ্ঠ ব্যবস্থাপনা সম্ভব নিশ্চিত করা যায়। মডস জোন-৭ এর অন্তর্ভুক্ত পাগলা, মুসলিম নগর ও কুতুব খালী পানির পাম্পে স্মার্ট ওয়াটার হাইড্রেন্ট সুবিধা সম্বলিত থাকলেও বিভিন্ন যান্ত্রিক ত্রুটির কারণে তা ব্যবহার করা যাচ্ছে না। এহেন পরিস্থিতিতে উল্লেখিত পানির পাম্প সমূহের বিদ্যমান অকেজো স্মার্ট ওয়াটার হাইড্রেন্ট-এ প্রয়োজনীয় মালামাল ও যন্ত্রাংশ সংযোজন, কমিশনিং এবং আপগ্রেডেশনের মাধ্যমে ব্যবহার উপযোগী করা প্রয়োজন। সেই প্রেক্ষিতে বরাদ্দকৃত বাজেট পর্যাপ্ত না থাকায় ও মুসলিম নগর ও কুতুব খালী পানির পাম্পের Water Hydrant এর মেরামত কাজের উদ্যোগ গ্রহন করা হয়েছে। অন্য আরেকটি অর্থাৎ পাগলা পানির পাম্পের Water Hydrant এর মেরামত কাজ আগামী ২০২৪-২৫ইং অর্থ বছরে করা হবে।

অনুচ্ছেদ ১.১ - তারিখঃ ২০/২/২৪ ৫:২৭ অপরাহ্ন

উল্লেখিত, Smart Water Hydrant দুইটি মেরামতের লক্ষ্যে ত্রুটি চিহ্নিত করতঃ তিনটি প্রতিষ্ঠানকে কোটেশন দর ও স্পেসিফিকেশন প্রদান করার জন্য পত্র দেওয়া হয় (সংযুক্তিঃ ঠিকাদারের অনুকূলে প্রেরিত পত্র)। জবাবে তিনটি প্রতিষ্ঠান হতে কোটেশন দর ও স্পেসিফিকেশন পাওয়া যায় (সংযুক্তিঃ প্রাপ্ত কোটেশন দর ও স্পেসিফিকেশন)। প্রাপ্ত সর্বনিম্ন কোটেশন দরের ভিত্তিতে একটি প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে (সংযুক্তিঃ প্রাক্কলন)। প্রস্তুতকৃত প্রাক্কলনে সর্বমোট মূল্য দাঁড়িয়েছে ৳ ১২,৮২,৩৫৯.৯২০/- (বার লক্ষ বিরাশি হাজার তিনশত ঊনষাট টাকা নয় দুই শূন্য পয়সা) টাকা মাত্র। কাজটির ব্যয়ভার চলতি ২০২৩-২৪ইং অর্থ বছরের অত্র বিভাগের অনুমোদিত কর্ম-পরিকল্পনার অটোমেশন ও ডিজিটাইজেশন উপ-খাত (ক্রমিক-২) হতে নির্বাহ করা হবে (সংযুক্তিঃ ক্রয় পরিকল্পনা)। উল্লেখ্য যে, উন্মুক্ত দরপত্র পদ্ধতিতে দরপত্র আহ্বান করলে প্রকৃত বাজার দর পাওয়া যাবে মর্মে আশা করা যায়। APP তে অন্তর্ভুক্ত না থাকায় বর্ণিত কাজের অনুমোদনকারী হলেন ব্যবস্থাপনা পরিচালক মহোদয়, ঢাকা ওয়াসা।

সংযুক্তিসমূহ (৬):

- ১। ক্রয় পরিকল্পনা।
- ২। ঠিকাদারের অনুকূলে প্রেরিত পত্র।
- ৩। প্রাপ্ত কোটেশন দর ও স্পেসিফিকেশন।
- ৪। ক্যালকুলেশন।
- ৫। প্রাক্কলন।
- ৬। প্রতিবেদন।

অনুচ্ছেদ ১.২ - তারিখঃ ২০/২/২৪ ৫:২৮ অপরাহ্ন

এমতাবস্থায়, অনুচ্ছেদ ১.০ হতে ১.১ এর বর্ণনালোকে “Supply, Installation and Commissioning of Spare parts for Smart Hydrant Syestem at Muslim Nagar and Kutub Khali Water Pump under MODS Zone-7, Dhaka WASA.” শীর্ষক কাজটির জন্য নিম্নলিখিত প্রস্তাব সমূহ অনুমোদন করা যেতে পারেঃ

- ক) উপস্থাপিত প্রাক্কলনের সর্বমোট মূল্য ৳ ১২,৮২,৩৫৯.৯২০/- (বার লক্ষ বিরাশি হাজার তিনশত ঊনষাট টাকা নয় দুই শূন্য পয়সা) টাকার সদয় অনুমোদন।
- খ) বর্ণিত কাজটি PPR-২০০৮ এর ৬৩ বিধির ১(খ) উপ-বিধি মোতাবেক CPTU প্রণীত STD PG-2 অনুসরণ পূর্বক Open Tendering Method (OTM) এ e-GP তে দরপত্র আহ্বানের মাধ্যমে সম্পাদনের অনুমোদন।



২২/২/২৪ ১২:৩৩ অপরাহ্ন
মোঃ আজহারুল হক
উপ-সহকারী প্রকৌশলী
মডস জোন-৭



২২/২/২৪ ১২:৩৮ অপরাহ্ন
মোঃ আশরাফ উদ্দিন
সহকারী প্রকৌশলী
মডস জোন-৭



২২/২/২৪ ১২:৫১ অপরাহ্ন
মোঃ লিয়ন মিয়া
নির্বাহী প্রকৌশলী (চলতি দায়িত্ব)
মডস জোন-৭



২২/২/২৪ ১২:৫১ অপরাহ্ন
মোঃ আব্দুল মজিদ
তত্ত্বাবধায়ক প্রকৌশলী (চলতি দায়িত্ব)
মডস সার্কেল-১

অনুচ্ছেদ ১.৩ - তারিখঃ ২২/২/২৪ ১:৪৭ অপরাহ্ন

প্রাকলনটি পরীক্ষা-নিরীক্ষা পূর্বক প্রয়োজনীয় মতামত দেওয়ার জন্য নির্বাহী প্রকৌশলী পিএনডি (যান্ত্রিক ও তড়িৎ) বরাবর প্রেরণ করা যেতে পারে।

			
২২/২/২৪ ১:৪৭ অপরাহ্ন মোঃ আব্দুল মজিদ তত্ত্বাবধায়ক প্রকৌশলী (চলতি দায়িত্ব) মডস সার্কেল-১	২২/২/২৪ ৫:৫৬ অপরাহ্ন মুস্তাফিজুর রহমান প্রধান প্রকৌশলী (অতিরিক্ত দায়িত্ব) প্রধান প্রকৌশলী (পরিচালন ও রক্ষণাবেক্ষণ)	২৫/২/২৪ ১০:১৮ পূর্বাহ্ন এ কে এম ফয়সাল মতিন তত্ত্বাবধায়ক প্রকৌশলী পি এন্ড ডি সার্কেল	২৫/২/২৪ ১১:২৭ পূর্বাহ্ন সাদ্দিন শাহরিয়ার হোসাইনী নির্বাহী প্রকৌশলী (চলতি দায়িত্ব) পি এন্ড ডি (তড়িৎ ও যান্ত্রিক) বিভাগ
			২৫/২/২৪ ১১:২৭ পূর্বাহ্ন কমোদর উপ-সহকারী প্রকৌশলী পি এন্ড ডি (তড়িৎ ও যান্ত্রিক) বিভাগ

অনুচ্ছেদ ১.৪ - তারিখঃ ২৮/২/২৪ ৬:১৬ অপরাহ্ন




অনুচ্ছেদ ১.৩ এ প্রধান প্রকৌশলী মহোদয়ের জিজ্ঞাসার প্রেক্ষিতে “Supply, Installation and Commissioning of Spare parts for Smart Hydrant Syestem at Muslim Nagar and Kutub Khali Water Pump under MODS Zone-7, Dhaka WASA.” শীর্ষক কাজটির সংযুক্ত প্রাকলনটি যাচাই বাচাই করে নিম্নলিখিত প্রস্তাবনা উপস্থাপনা করা হলোঃ-

ক) কাজটি যেহেতু Open Tendering Method (OTM) এ e-GP তে দরপত্র আহ্বানের মাধ্যমে সম্পাদন করা হবে সেই ক্ষেত্রে প্রাকলনের আইটেমের ব্র্যান্ড এবং দেশের নাম ব্যবহার এর ক্ষেত্রে Equivalent and Compatible also Allowed উল্লেখ্য করতে হবে যাতে প্রতিযোগিতার মাধ্যমে সাশ্রয়ী মূল্যে সঠিক জিনিস পাওয়া যায়।


খ) প্রাকলনে আইটেম নং-১ এ ব্যয়বহুল Industrial Router (4G,Dual Sim + Optical Fiber) এর ব্যপারে জানানো যাচ্ছে যে, সাধারণত অল্প মাত্রায় ডাটা ভলিউমের জন্য Optical Fiber এবং ঢাকা ওয়াসার পাম্প হাউজের SCADA System এ প্রয়োজনীয় কার্যক্রমের জন্য Industrial Router এর প্রয়োজনীয়তা আছে কিনা সেই ব্যপারে পুনরায় যাচাই বাচাই করে সিদ্ধান্ত গ্রহণে করা যেতে পারে। Dhaka WASA তে SCADA System এ ব্যবহারের ক্ষেত্রে তুলনামূলক সাশ্রয়ী সাধারণ ইন্টারনেট (CAT-6) ক্যাবল সংযোগ ও কমার্শিয়াল রাউটার এর মাধ্যমেই সকল কার্যক্রম পরিচালনা করা সম্ভব।

গ) প্রাকলনের আইটেম গুলোর (Description of the Item) বিস্তারিত বর্ণনা দেওয়ার পরামর্শ দেওয়া হলো।

এমতাবস্থায়, কর্তৃপক্ষের কাজের স্বার্থে “Supply, Installation and Commissioning of Spare parts for Smart Hydrant Syestem at Muslim Nagar and Kutub Khali Water Pump under MODS Zone-7, Dhaka WASA.” কাজের জন্য নথীখানা পরবর্তী কার্যক্রমের জন্য প্রেরণ করা যেতে পারে।

			
২৮/২/২৪ ৬:১৬ অপরাহ্ন কমোদর উপ-সহকারী প্রকৌশলী পি এন্ড ডি (তড়িৎ ও যান্ত্রিক) বিভাগ	২৮/২/২৪ ৬:২৭ অপরাহ্ন সাদ্দিন শাহরিয়ার হোসাইনী নির্বাহী প্রকৌশলী (চলতি দায়িত্ব) পি এন্ড ডি (তড়িৎ ও যান্ত্রিক) বিভাগ	২৯/২/২৪ ১১:০৩ পূর্বাহ্ন এ কে এম ফয়সাল মতিন তত্ত্বাবধায়ক প্রকৌশলী পি এন্ড ডি সার্কেল	১/৩/২৪ ১:৩৭ পূর্বাহ্ন মুস্তাফিজুর রহমান প্রধান প্রকৌশলী (অতিরিক্ত দায়িত্ব) প্রধান প্রকৌশলী (পরিচালন ও রক্ষণাবেক্ষণ)
			
			১/৩/২৪ ৪:৩৮ অপরাহ্ন মোঃ আব্দুল মজিদ তত্ত্বাবধায়ক প্রকৌশলী (চলতি দায়িত্ব) মডস সার্কেল-১
			
			৩/৩/২৪ ৯:৫৬ পূর্বাহ্ন মোঃ লিমন মিয়া নির্বাহী প্রকৌশলী (চলতি দায়িত্ব) মডস জোন-৭

ঢাকা ওয়াসা



৩/৩/২৪ ১১:২৭ পূর্বাহ্ন
মোঃ আশরাফ উদ্দিন
সহকারী প্রকৌশলী
মডস জোন-৭

৩/৩/২৪ ১১:২৭ পূর্বাহ্ন
মনোজ ডাকুয়া
উপ সহকারী প্রকৌশলী
মডস জোন-৭

অনুচ্ছেদ ১.৫ - তারিখ: ৫/৩/২৪ ২:৫৫ অপরাহ্ন

অনুচ্ছেদ ১.০ হতে অনুচ্ছেদ ১.৪ সদয় দেখা যেতে পারে। অনুচ্ছেদ ১.৪ -এ পি এন্ড ডি (তড়িৎ ও যান্ত্রিক) বিভাগের মতামতের প্রেক্ষিতে, তত্ত্বাবধায়ক প্রকৌশলী ও প্রধান প্রকৌশলী মহোদয়ের সাথে আলোচনা হয়েছে। আলোচনার প্রেক্ষিতে একটি সংশোধিত প্রাক্কলন (সংযুক্তি: সংশোধিত প্রাক্কলন।) ও অত্র ক্রয় কাজের টেকনিক্যাল স্পেসিফিকেশন তৈরি করা হয়েছে (সংযুক্তি: টেকনিক্যাল স্পেসিফিকেশন)। অন্যদিকে অত্র মডস জোনে মালামাল ক্রয়ের কোন পরিদর্শন কমিটি নেই। সুতরাং নিম্নোক্তভাবে এই ক্রয় কাজ ও ভবিষ্যতে অনুরূপ ক্রয় কাজের জন্য একটি পরিদর্শন কমিটির প্রস্তাব করা হল:

- ১। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, মডস সার্কেল-১, ঢাকা ওয়াসা - আহ্বায়ক।
- ২। নির্বাহী প্রকৌশলী, পি এন্ড ডি (তড়িৎ ও যান্ত্রিক)/পি এন্ড ডি (পানি ও হাইড্রোলজি) বিভাগ, ঢাকা ওয়াসা - সদস্য।
- ৩। নির্বাহী প্রকৌশলী, মডস জোন-১, ঢাকা ওয়াসা - সদস্য।
- ৪। নির্বাহী প্রকৌশলী, মডস জোন-৭, ঢাকা ওয়াসা - সদস্য সচিব।


সংযুক্তিসমূহ (২):

- ১। সংশোধিত প্রাক্কলন।
- ২। টেকনিক্যাল স্পেসিফিকেশন।

অনুচ্ছেদ ১.৬ - তারিখ: ৬/৩/২৪ ৪:০৩ অপরাহ্ন




এমতাবস্থায়, অনুচ্ছেদ ১.০ হতে অনুচ্ছেদ ১.৫ এর বর্ণনালোকে “Supply, Installation and Commissioning of Spare parts for Smart Hydrant Syestem at Muslim Nagar and Kutub Khali Water Pump under MODS Zone-7, Dhaka WASA.” শীর্ষক কাজটির জন্য নিম্নলিখিত প্রস্তাব সমূহ অনুমোদন করা যেতে পারে:

- ক) উপস্থাপিত প্রাক্কলনের সর্বমোট মূল্য ট ১২,৮২,৩৫৯.৯২০/- (বার লক্ষ বিরাশি হাজার তিনশত উনষাট টাকা নয় দুই শূন্য পয়সা) টাকার সদয় অনুমোদন।
- খ) বর্ণিত কাজটি PPR-২০০৮ এর ৬৩ বিধির ১(খ) উপ-বিধি মোতাবেক CPTU প্রণীত STD PG-2 অনুসরণ পূর্বক Open Tendering Method (OTM) এ e-GP তে দরপত্র আহ্বানের মাধ্যমে সম্পাদনের অনুমোদন।
- গ) অনুচ্ছেদ ১.৫ এর প্রস্তাবিত পরিদর্শন কমিটির অনুমোদন।

			
৬/৩/২৪ ৪:৩০ অপরাহ্ন মনোজ ডাকুয়া উপ-সহকারী প্রকৌশলী মডস জোন-৭	৬/৩/২৪ ৪:৩৩ অপরাহ্ন মোঃ আশরাফ উদ্দিন সহকারী প্রকৌশলী মডস জোন-৭	৬/৩/২৪ ৪:৩৬ অপরাহ্ন মোঃ লিমন মিয়া নির্বাহী প্রকৌশলী (চলতি দায়িত্ব) মডস জোন-৭	৬/৩/২৪ ৪:৩৬ অপরাহ্ন মোঃ আব্দুল মজিদ তত্ত্বাবধায়ক প্রকৌশলী (চলতি দায়িত্ব) মডস সার্কেল-১


অনুচ্ছেদ ১.৭ - তারিখঃ ৬/৩/২৪ ৪:৪২ অপরাহ্ন

অনুচ্ছেদ ১.৫ এবং অনুচ্ছেদ ১.৬ এর প্রস্তাব সমূহ ব্যবস্থাপনা পরিচালক মহোদয় কর্তৃক সদয় অনুমোদন দেয়া যেতে পারে।

			
৬/৩/২৪ ৪:৪৩ অপরাহ্ন মোঃ আব্দুল মজিদ তত্ত্বাবধায়ক প্রকৌশলী (চলতি দায়িত্ব) মডস সার্কেল-১	৬/৩/২৪ ৯:০৮ অপরাহ্ন মুস্তাফিজুর রহমান প্রধান প্রকৌশলী (অতিরিক্ত দায়িত্ব) প্রধান প্রকৌশলী (পরিচালন ও রক্ষণাবেক্ষণ)	৭/৩/২৪ ৮:২৭ পূর্বাহ্ন এ. কে. এম. সহিদ উদ্দিন উপ-ব্যবস্থাপনা পরিচালক (ওএড এম) উপ-ব্যবস্থাপনা পরিচালক (ওএডএম) এর দপ্তর	৭/৩/২৪ ৮:২৭ পূর্বাহ্ন প্রকৌশলী তাকসিম এ খান ব্যবস্থাপনা পরিচালক ব্যবস্থাপনা পরিচালকের দপ্তর

অনুচ্ছেদ ১.৮ - তারিখঃ ৭/৩/২৪ ১১:২৭ অপরাহ্ন

Okay

	
৭/৩/২৪ ১১:২৭ অপরাহ্ন প্রকৌশলী তাকসিম এ খান ব্যবস্থাপনা পরিচালক ব্যবস্থাপনা পরিচালকের দপ্তর	৯/৩/২৪ ১০:৩৩ পূর্বাহ্ন মনোজ ডাকুয়া উপ-সহকারী প্রকৌশলী মডস জোন-৭